# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/ধাতব মুদ্রা/২০২২-২০২৩/ ১৩০৪ তারিখঃ ১৪-০৫-২০২৩

মহাব্যবস্থাপক (সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়)

উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়

শাখা ব্যবস্থাপক, সকল শাখা (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ব্যাংকের শাখাসমূহ কর্তৃক জনসাধারণের নিকট ধাতব মুদ্রা বিনিময় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট হতে ০৬ এপ্রিল, ২০২৩ খ্রীষ্টাব্দ/২৩ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ তারিখে জারীকৃত ডিসিএম ঃ ইহিশা ঃ ১১৪/২০২৩-১৫০৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের বর্ণিত বিভাগের ১২-১১-২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার লেটার নং-১২/২০১৫ এর নির্দেশনা মোতাবেক মাঠ পর্যায়ের সকল শাখা/কার্যালয় কর্তৃক ধাতব মুদ্রা সংরক্ষণের পাশাপাশি গ্রাহকদের নিকট হতে মুল্যমানের নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহন, ছেঁড়া-ফাটা নোটের বিনিময়মূল্য প্রদান করার জন্য সময়ে সময়ে অত্র বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে আলোচ্য বিষয়ে ইতোপূর্বে নির্দেশনা দেয়া সত্ত্বেও বাংলাদেশ ব্যাংকের বর্ণিত বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে পরিচালিত আকস্মিক পরিদর্শন ও অন্যান্য তথ্য হতে প্রতীয়মান হয়েছে যে, ব্যাংকের অধিকাংশ শাখা ন্যূনতম সংখ্যক ১, ২ এবং ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা সংরক্ষণ করলেও ধাতব মুদ্রা সংরক্ষণ বিষয়ে ১২/২০১৫ নং সার্কুলারের ভুল ব্যাখ্যা প্রদান করে জনসাধারণের চাহিদা মোতাবেক ধাতব মুদ্রা প্রদান করা থেকে বিরত থাকছে। ফলশ্রুতিতে, ব্যাংকের শাখাসমূহ হতে জনসাধারণ ধাতব মুদ্রা বিনিময় সংক্রান্ত সেবা হতে বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায়, ১২/১১/২০১৫ তারিখের ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫ এর নির্দেশনার আলোকে অত্র ব্যাংকের সকল শাখায় নিম্নোক্ত বিষয়গুলো গুরুত্ব সহকারে নিশ্চিত করার পরামর্শ দেয়া হলোঃ

ক) জনসাধারণের চাহিদা মোতাবেক ১, ২ এবং ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা বিনিময় করা,

খ) "এ শাখায় ধাতব মুদ্রা বিনিময় করা হয়" মর্মে নোটিশ সহজে দৃষ্টিগোচর হয় কাউন্টারের এমন স্থানে প্রদর্শন করা এবং

গ) ব্যাংক শাখার ধাতব মুদ্রার স্থিতি উল্লেখযোগ্য হারে কমে গেলে জনসাধারণের স্বাভাবিক লেনদেনের স্বার্থে ধাতব মুদ্রা সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

০৪। এমতাবস্থায়, উল্লেখিত নির্দেশনাবলী শাখাসমূহে যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০১ (এক পাতা)।

১৪.০৫.২৩

(কে.এম. হাবিব-উন-নবী)

উপ মহাব্যবস্থাপক

নং- প্রকা/শানিব্যউবি-৩(৩)/ধাতব মুদ্রা/২০২২-২০২৩/ ১৩০৪ তারিখঃ ১৪-০৫-২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক ।

০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।

০৭। নথি/মহানথি।

১৪/৫/২০২৩

(মোঃ রাজু আহাম্মেদ)

সহকারী মহাব্যবস্থাপক

D:\mamun\Latter.doc

৫০১১৯

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু হিসাব শাখা)

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**

সূত্র নং- ডিসিএমঃ ইহিশাঃ ১১৪/২০২৩- ১৫০৫

তারিখঃ ২৩ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
০৬ এপ্রিল, ২০২৩

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং...১৮৪৪.....তারিখঃ ২০/০৪/২৩
ডিএমডি/জিএম/ডিজিএম......১
ব্যবস্থাপনা পরিচালক

ব্যবস্থাপনা পরিচালক/ নির্বাহী প্রধান
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**তফসিলি ব্যাংকের শাখাসমূহ কর্তৃক জনসাধারণের নিকট ধাতব মুদ্রা বিনিময় প্রসঙ্গে।**

শীর্ষোক্ত বিষয়ে এ বিভাগের ১২/১১/২০১৫ তারিখের ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত পরিপত্রে, জনসাধারণের স্বাভাবিক লেনদেনের স্বার্থে প্রতিটি শাখায় ১, ২ এবং ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রার প্রতিটির ন্যুনতম ১০,০০০ (দশ হাজার) পিস এবং স্থানীয় কার্যালয় ও অন্যান্য বড় শাখাকে প্রতিটি মূল্যমানের ৩০,০০০ (ত্রিশ হাজার) পিস সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া হয়েছে। কিন্তু, এ বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে পরিচালিত আকস্মিক পরিদর্শন ও অন্যান্য তথ্য হতে প্রতীয়মান হয়েছে যে, তফসিলি ব্যাংকের অনেক শাখা ন্যূনতম সংখ্যক ১, ২ এবং ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা সংরক্ষণ করলেও ধাতব মুদ্রা সংরক্ষণ বিষয়ে উক্ত সার্কুলারের ভুল ব্যাখ্যা প্রদান করে জনসাধারণের চাহিদা মোতাবেক ধাতব মুদ্রা প্রদান করা থেকে বিরত থাকছে। ফলশ্রুতিতে, তফসিলি ব্যাংকের শাখাসমূহ হতে জনসাধারণ ধাতব মুদ্রা বিনিময় সংক্রান্ত সেবা হতে বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায়, ১২/১১/২০১৫ তারিখের ডিসিএম পরিপত্র নং- ১২/২০১৫ এর নির্দেশনার আলোকে আপনাদের সকল শাখায় নিম্নোক্ত বিষয়গুলো গুরুত্বসহকারে নিশ্চিত করার পরামর্শ দেয়া হলোঃ

ক) জনসাধারণের চাহিদা মোতাবেক ১, ২ এবং ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা বিনিময় করা,

খ) "এ শাখায় ধাতব মুদ্রা বিনিময় করা হয়" মর্মে নোটিশ সহজে দৃষ্টিগোচর হয় কাউন্টারের এমন স্থানে প্রদর্শন করা এবং

গ) ব্যাংক শাখার ধাতব মুদ্রার স্থিতি উল্লেখযোগ্য হারে কমে গেলে জনসাধারণের স্বাভাবিক লেনদেনের স্বার্থে ধাতব মুদ্রা সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং. ১৩৫২.....তারিখ ২১/০৪/২৩
বিভাগ DGM BCBD
ডিএমডি-১

আপনাদের বিশ্বস্ত

(মোহাম্মদ হাসান ইমাম)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ +৮৮-০২-৫৫৬৬৫০০১-৬/২০৮৭৬।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং..........তারিখ ২৪/০৪/২৩
এজিএম.........
পিও/এসপিও.........
এসও/কর্মকর্তা.........
উপ মহাব্যবস্থাপক